

## ৫ম নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি. (সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি.ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ৫ম নির্বাচন ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছন্দের আগামী ৩০-০৮-২০২৩ এবং ৩১-০৮-২০২৩ সকাল ৯:৩০ থেকে দুপুর ১:০০টার মধ্যে সভাকক্ষ, জীব বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪১২, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমাত্রালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হলো।**

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) জীববিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮-৮৬৪১৫৭, ০১৭৯৫-৭২৬৬৭৭)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

**৩০-০৮-২০২৩ এবং ৩১-০৮-২০২৩ বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে।**

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
৬ষ্ঠ নির্বাচন তালিকা	০৪ সেপ্টেম্বর ২০২৩ অপরাহ্ন	০৬ ও ০৭ সেপ্টেম্বর, ২০২৩

### ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

১. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৪৩১.০০ টাকা (পাঁচ হাজার চারশত একত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেওয়ার বিজ্ঞাপন পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
২. পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
৩. অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (২৯-০৮-২০২৩ অপরাহ্ন থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
৪. সকাল ৯:৩০টা থেকে দুপুর ১:০০টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দণ্ডে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
  - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
  - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি [জমা দিতে হবে]
৫. কাগজপত্র সত্ত্বেও জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলভাবে গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৮ আগস্ট ২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল আলম)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি ও  
উন্নয়ন কো-অর্ডিনেটর, জীববিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **5077** বা **Faculty of Biological Sciences, RU** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ভর্তি পরীক্ষার রোল নাম্বার দিন।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

#### বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অথবা বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।